মাগুরায় এক পরিবারের এক মাসের বিদ্যুৎ বিল ৫০৬ কোটি টাকা



ছবি: সংগৃহীত

মাগুরার মঘি গ্রামের মোছা. আলেয়া খাতুনের বাড়িতে সেপ্টেম্বর মাসের বিদ্যুৎ বিল দেখে চমকে যান পরিবারের সদস্যরা। ২৩৫ ইউনিট বিদ্যুৎ ব্যবহারের বিপরীতে বিল এসেছে ৫০৬ কোটি ৮৩ লাখ ১১ হাজার ৫৯৩ টাকা।

মাগুরা সদর উপজেলার মঘি ইউনিয়নের ওই গ্রাহকের মিটারে গত ৮ সেপ্টেম্বর রিডিং ছিল ৩৯৫ ইউনিট। এর আগে ৮ আগস্ট রিডিং ছিল ১৬০ ইউনিট। অর্থাৎ এক মাসে ব্যবহার হয়েছে ২৩৫ ইউনিট। অথচ বিলে ডিমান্ড চার্জ হিসেবে দেখানো হয়েছে ৪৮২ কোটি ৬৯ লাখ ৬৩ হাজার ৪২২ টাকা। এর সঙ্গে ২৪ কোটি ১৩ লাখ ৪৮ হাজার ১৭১ টাকা ভ্যাট যোগ হয়ে মোট বিল দাঁড়িয়েছে ৫০৬ কোটি ৮৩ লাখ ১১ হাজার ৫৯৩ টাকা।

নির্ধারিত সময়ে বিল পরিশোধ না করলে বিলম্ব জরিমানাসহ পরিশোধযোগ্য অর্থ ৫৩০ কোটি ৯৬ লাখ ৫৯ হাজার ৭৬৪ টাকা হবে বলেও বিলে উল্লেখ করা হয়েছে। তবে ২৩৫ ইউনিট ব্যবহারে প্রকৃত বিল হওয়ার কথা ১ হাজার ৯৬৩ টাকা। বিলম্ব জরিমানাসহ সেটি দাঁড়ানোর কথা ২ হাজার ৫৬ টাকা।

অস্বাভাবিক এ বিলকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। স্থানীয় গ্রাহক আলেয়া খাতুন বলেন, বিদ্যুৎ বিভাগের এমন ভুলের কারণে গ্রাহকদের ভোগান্তিতে পড়তে হয়। কখনো কখনো অতিরিক্ত অর্থের বোঝাও চাপতে পারে। মিটার রিডিং নেওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্টদের আরও সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

ভুলের কারণও ব্যাখ্যা করেছে মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি। আড়পাড়া জোনাল ম্যানেজার মো. রেজাউল করিম বলেন, মিটার পরিবর্তনের সময় ভুল করে মিটারের সিল নম্বরের ডিজিটগুলো ডিমান্ড চার্জের ঘরে পোস্টিং করা হয়েছিল। এ কারণেই অস্বাভাবিক অঙ্কের বিল তৈরি হয়।

তিনি জানান, বিষয়টি শনাক্ত হওয়ার পর মঙ্গলবার দুপুরে ওই গ্রাহকের বিল সংশোধন করে জমা দেওয়া হয়েছে।